দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUL 1987

পৃষ্ঠা ৮ কলাম ১

১৭ শে আষাঢ় ১৩৯৪ বাং



# উপজেলা পরিক্রমা

## মাগুরা

মাগুরা, ৩ জুলাই (সংবাদদাতা) :— খেজুর বীথি, নারকেল তরু মাঠঘাট মনোহরা, কীর্তিমহান সৌন্দর্য রাণী মাগুরা সদর উপজেলা। ১৫৫ বর্গমাইল আয়তন বিশিষ্ট এই উপজেলা ১৩টি ইউনিয়ন নিয়ে গঠিত। লোকসংখ্যা ২ লাখ ৪৭ হাজার ৫শ' ১০ জন। ২শ' ৪৯টি গ্রাম এ উপজেলার অন্তর্গত। শতকরা ৮০ ভাগ লোক রয়েছে দরিদ্র সীমার নীচে।

### যোগাযোগ

মাগুরা সদর উপজেলার রাস্তা-ঘাটের অবস্থা শোচনীয়। এই উপজেলায় ৫৬ মাইল পাকা রাস্তা, কাঁচা রাস্তা ১ হাজার ৮শ' ৯৮ মাইল। কাঁচা রাস্তাগুলো বর্ষাকালে চলাচলের সম্পূর্ণ অযোগ্য হয়ে পড়ে। ফলে বিভিন্ন ইউনিয়নের যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন হয়ে পড়ে।

### কৃষি

এই উপজেলার শতকরা ৮৫ জন লোকই কৃষিজীবী। উপজেলায় ১ লাখ ১৮ হাজার ৬শ' ২৭ একর জমি রয়েছে। আবাদী জমির পরিমাণ ৭৩ হাজার ৯শ' ৯০ একর। অনাবাদী জমির পরিমাণ ২৪ হাজার ১শ' ৫৩ একর। নানাবিধ কারণে আবাদযোগ্য ৭ হাজার ৭শ' ৩০ একর জমি অনাবাদী থাকে।

### শিক্ষা

এখানে ৩টি কলেজ, ২৮টি উচ্চবিদ্যালয়, ১০টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৩০টি মাদ্রাসা, ৯৫টি প্রাথমিক বিদ্যালয়, ১টি প্রামমিক শিক্ষক প্রশিক্ষণালয় ও ১টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। উপজেলার শিক্ষিতের হার শতকরা ২২.১০%।

### চিকিৎসা

উপজেলায় ১টি আধুনিক হাসপাতাল, ১২টি পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। ১টি মাতৃসদন ও শিশুমঙ্গল কেন্দ্র রয়েছে।

### বিদ্যুৎ

উপজেলার বিদ্যুৎ বিভ্রাটের দরুন জনগণকে দুর্ভোগ পোহাতে হচ্ছে। লোডশেডিং-এর জন্য নিয়মিত বিদ্যুৎ সরবরাহ হচ্ছেনা, ফলে ব্যবসা-বাণিজ্য, কলকারখানায় উৎপাদনে বিঘ্ন ঘটছে।

### হাট-বাজার

এই উপজেলায় ২৬টি হাট-বাজার রয়েছে। হাট-বাজার থেকে ইচ্ছামত টোল আদায় করা হলেও উন্নয়নের তেমন কোন ব্যবস্থা নেয়া হয় না। শোচনীয় এই হাট-বাজারেরগুলো বর্ষা মওসুমে চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। এব্যাপারে ছাত্র-ছাত্রীদের অভিভাবক ও এলাকাবাসীর মধ্যে দারুণ ক্ষোভের সৃষ্টি হয়েছে।